



মেরিল্যান্ড এশিয়ান আমেরিকান পরিচর্যা কারীদের বিকাশমূলক প্রতিবন্ধী শিশুদের লালন পালন করার বিষয়ে দৃষ্টিভঙ্গী

মেরিল্যান্ড ডেভেলপমেন্টাল ডিজএবিলিটিজ কাউন্সিল এবং ইউনিভার্সিটি অব মেরিল্যান্ড স্কুল অফ সোশ্যাল ওয়ার্ক-এর সহযোগিতায় পরিচালিত একটি নীডস মূল্যায়ন

সমীক্ষার মূল প্রাপ্তি এবং সুপারিশসমূহ

আমরা একটি অযোগ্য সম্প্রদায় - কেউ একথা বিশ্বাস করেন না যে এশীয় বাচ্চারাও “স্মার্ট” নাও হতে পারে।

বিকাশমূলক প্রতিবন্ধী শিশুদের বাড়ির লোকজনকে তাদের সন্তানদের জন্য যথাযথ পরিচর্যা পদ্ধতি খুঁজে বের করার জন্য একাধিক পদ্ধতি ব্যবহার করতে হবে, তবে এশীয়-আমেরিকান পরিবারদের নির্দিষ্ট প্রয়োজনাঙ্গী সম্পর্কে আমরা খুব বেশি অবগত নই। আমরা চীনা, কোরীয়, ভারতীয়, জাপানী, ভিয়েতনামী, ফিলিপিনো আর বাংলাদেশী বলে চিহ্নিত ৭৩টি পরিবারের সমীক্ষা নিয়েছি। তাদের সন্তানদের অটিজম, অ্যাটেনশন ডেফিসিট হাইপারঅ্যাক্টিভিটি ডিজঅর্ডার, ডাউন সিন্ড্রোম কিংবা অন্যান্য বোধশক্তি আর বিকাশমূলক সমস্যা রয়েছে।

(১) সম্ভাব্য বিকাশমূলক বিলম্ব সম্পর্কে পিতামাতার উদ্বেগের বিষয়গুলি শোনা আর বাচ্চাদের দ্রুত পরীক্ষা করে রেফার করা।

পিতামাতারা জানিয়েছেন যে তাদের সন্তানদের বিকাশমূলক বিলম্ব লক্ষ্য করা আর সে সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষার মধ্যে মোটামুটি প্রায় ১২ মাসের ফারাক থেকে যায়। অধিকাংশ পিতামাতাই স্বাস্থ্য-পরিচর্যা কর্মীদের তাদের উদ্বেগের কথা জানিয়েছেন, কিন্তু কর্মীদের কেবলমাত্র একতৃতীয়াংশই শিশুর বিকাশমূলক পরীক্ষা করেছেন অথবা শিশুটিকে কোনো বিশেষজ্ঞের কাছে পাঠিয়েছেন।

আমি নিজেকে একাধিকবার প্রশ্ন করেছিঃ আমি যদি আগে জানতাম বা আমার মেয়েকে যদি আরও আগে থেকে চিকিৎসা করাতাম তাহলে কী হত?

আমি [বিকাশমূলক অক্ষমতা] কমিউনিটিতে খুবই সক্রিয়... অনেক [এশীয় পিতামাতা] এই বিষয়ে তথ্যাদি সহ অন্যান্য সংস্থানের জন্য আমার উপর ভরসা করেন।

(২) পিতামাতাদের সঙ্গে তাদের নিজ নিজ সম্প্রদায়ের অ্যাডভোকেট সহ যোগাযোগ করুন।

অধিকাংশ পিতামাতাই প্যারেন্ট অ্যাডভোকেটদের কাছ থেকে পরিষেবা লাভ করেননি, কিন্তু তাদের মধ্যে ৭১% পিতামাতাই প্যারেন্ট অ্যাডভোকেটদের তথ্য ও সাহায্যের বিষয়ে সহায়ক বলে অনুভব করেছেন।

(৩) পরিষেবা লাভ করার ক্ষেত্রে বাধা কমানো।

ডেন্টাল কেয়ার আর রেসপাইট কেয়ারের মত পরিষেবাগুলি সাধারণভাবে ব্যবহৃত হয় না। এছাড়াও, পিতামাতাদের প্রায় অর্ধেকই তাদের ক্ষমতার বাইরে গিয়ে চিকিৎসা সংক্রান্ত পরিষেবায় ব্যয় করে থাকেন। যে সমস্ত পিতামাতা ইংরেজি ভাষায় কথাবার্তা বলেন না তাদের নিজেদের সন্তানদের পরিষেবা প্রদানকারীর সঙ্গে আর সহায়তা পরিষেবার বিষয়ে যোগাযোগ করার ক্ষেত্রে আরো অতিরিক্ত বাধার সম্মুখীন হতে হয়।

সুবিধাগুলির বিষয়ে তথ্য জানা বা তথ্য জানার জন্য আবেদন করাটা খুবই কঠিন... আপনি যদি এর জন্য [আমার মাতৃভাষা] ভাষার বিষয়ে সহযোগিতা করেন তাহলে খুবই ভালো হয়। এই চিকিৎসার ব্যাপক ব্যয়ের কথা ভেবে আমি খুবই অস্বস্তি অনুভব করছি.....

কমিউনিটির মানুষজনের আমার সন্তানের প্রতি ভেদাভেদ করার বদলে আরো সহনশীল আচরণের জন্য সাহায্যের প্রয়োজন।

(৪) বিকাশমূলক অক্ষমতা সম্পর্কে সম্প্রদায়ের সচেতনতা বাড়ানো।

অনেক পিতামাতাই যেখানে জানিয়েছেন যে তাদের সম্প্রদায়ের মানুষজন তাদের সন্তান ও পরিবারকে সাহায্যের চেষ্টা করে থাকেন সেখানে আবার ৬৫% এও অনুভব করেছেন যে তাদের সম্প্রদায়ের লোকজন বিকাশমূলক অক্ষমতা সম্পর্কে খুব বেশি কিছু জানেন না। কিছু পিতামাতার বিশ্বাস যে তাদের সম্প্রদায়ের মানুষজনঃ (ক) বিকাশমূলক অক্ষমতাবিশিষ্ট বাচ্চাদের “এগুলি সেরে যাবে”; (খ) তাদের সন্তানদের সম্পর্কে অস্বস্তিতে ভোগেন; (গ) মনে করেন যে বিকাশমূলক অক্ষমতাগুলি হল পিতামাতার শিক্ষার অভাবের কিংবা শৃঙ্খলাপারায়ণতার অভাবের পরিণাম; অথবা (ঘ) নিজেদের সন্তানদের সম্পর্কে বলতে গিয়ে বেদনাদায়ক শব্দের ব্যবহার করেন।

(৫) প্রতিটি পরিবারের আর তাদের জাতিগত সম্প্রদায়ের শক্তির উপর ভিত্তি করে গড়ে তোলা।

পিতামাতার বর্ণিত বাধাগুলি সত্ত্বেও, ৭৯% পিতামাতা বলেছেন তারা তাদের সন্তানদের শক্তিও চিহ্নিত করতে পেরেছেন। স্থানীয় সম্প্রদায় এবং সংস্থা, পরিষেবা সরবরাহকারী এবং অন্যান্য অ্যাডভোকেটরা বিকাশমূলক প্রতিবন্ধী শিশু এবং তাদের পরিবারকে সম্প্রদায়-জীবনের সকল ক্ষেত্রে ক্ষমতায়নের লক্ষ্যে ও তাদের অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সহযোগী হয়ে উঠতে পারে।

[আমার ছেলে] যেরকম সেরকমই আর দুনিয়ার কথা ভেবে আমি তাকে বদলাবো না। আমার মনে হয় যে আমি তাকে সহায়তা করে গেলে- একদিন সে দুর্দান্ত কিছু অর্জন করবে।

আরো জানতে দয়া করে আমাদের ফেসবুক পেজ দেখুন:
<https://www.facebook.com/MarylandAANS/>

আরো তথ্যের জন্য, দয়া করে এখানে যোগাযোগ করুনঃ

সারা ডাবাবনা, অ্যাসোসিয়েট প্রফেসর, ইউনিভার্সিটি অফ মেরিল্যান্ড বাল্টিমোর
Sarah Dababnah, PhD, MPH, MSW
Associate Professor, University of Maryland, Baltimore;
sdababnah@ssw.umaryland.edu